কাশ্মীর ঘটনার প্রতিবাদ জানিয়ে সোশ্যাল মিডিয়ায় রোষের মুখে অশোকনগরের ছাত্রী

পুলিশের বিরুদ্ধে ভিডিও ডিলিট করার জন্য চাপ দেওয়ার অভিযোগ

নিজস্ব প্রতিবেদন, অশোকনগর: কাশ্মীর নিয়ে সোশ্যাল মিডিয়ায় প্রতিবাদ করায় কলেজ ছাত্রীকে হুমকি। পরবর্তীতে সোশ্যাল মিডিয়ায় ভিডিও ডিলিট করার জন্য চাপ দেওয়া হয় বলেও অভিযোগ। রাতেই পুলিশের কাছে লিখিত অভিযোগ জানান ছাত্রী। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। আতঙ্কে ছাত্রীর পরিবার। ঘটনাটি অশোকনগর কল্যাণগড় চার নম্বর ওয়ার্ডের কদমতলা এলাকার। ছাত্রীর দাবি, শুক্রবার অর্থাৎ বৃহস্পতিবার ফেসবুকে একটি লেখা পোস্ট করে কাশ্মীর নিয়ে প্রতিবাদ জানিয়েছিলেন তিনি। তারপরেই একাধিক ভালো খারাপ সমস্ত রকম কমেন্ট আসতে থাকে। তার মধ্যেই দুই যুবক তাকে মেসেঞ্জারে ফোন করে হুমকি দিতে থাকে। কেন সে ওই ধরনের লেখা লিখে প্রতিবাদ করল তার জন্য ।দুই যুবক ক্রমাগত মেসেঞ্জারে হুমকি দিতে থাকায় ভয়ে আতঙ্কে ছাত্রী পরবর্তীতে ফের একটি ভিডিও বানিয়ে ফেসবুকে পোস্ট করেন। সেই ভিডিও নিমিষেই ভাইরাল হয়ে যায়। রাত বারোটা ত্রিশ মিনিট নাগাদ অশোকনগর থানার বড়বাবু চিন্তামণি নস্করের নেতৃত্বে আট জনের একটি পুলিশ দল ছাত্রীর বাড়িতে আসে এবং সেই ভিডিওটি ডিলিট করতে চাপ দিতে থাকে ক্রমশ। ছাত্রীর দাবি, তাকে হুমকি দেওয়া হল তাকে বাজে কথা বলা হল তার জন্য থানায় লিখিত অভিযোগ দায়ের করল ছাত্রী, কিন্তু তাদের কাউকে গ্রেপ্তার করা হল না উল্টো তার বাড়িতেই পুলিশ চলে আসল তার ভিডিও ডিলিট করার জন্য। পুলিশ যাবার আগে ছাত্রীকে বলে তুমি সামলাতে পারবে তো পরবর্তী ঘটনা, তাই ভয়েতে ছাত্রী ভিডিওটি হাইড করে রাখে। পুলিশের ভূমিকা নিয়ে উঠছে একাধিক প্রশ্ন। যেই দুই যুবক ছাত্রীকে মেসেঞ্জারে ফোন করে হুমকি দিয়েছে ছাত্রীর বয়ান অনুসারে দু'জনের বাড়ি হাওড়াতে। একজন তৃণমূল ছাত্র পরিষদের সদস্য, একজন বিএসএফের কর্মরত এমনটাই জানিয়েছেন ছাত্রী। ঘটনায় আতঙ্কিত হয়ে পড়েছে ছাত্রী ও তার পরিবার। এদিন মেয়েটার বাড়িতে যান স্থানীয় বিজেপি নেতৃত্ব। পাশাপাশি বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ মহিলা কমিশন অর্চনা মজুমদারের সঙ্গেও ফোনে কথা বলেন ছাত্রী। ছাত্রী জানান, প্রত্যেকেই পাশে থাকার আশ্বাস দিয়েছেন। এই ঘটনায় অশোকনগর কল্যাণগড় পুরসভার চেয়ারম্যান প্রবোধ সরকার জানান, সামাজিক পরিকাঠামো বজায় রেখে সমস্ত বিষয় বিবেচনা করে প্রতিবাদ এবং নিন্দা করার অধিকার সবার আছে এই ঘটনা যথেষ্ট নিন্দনীয়। বিষয়টি নিয়ে প্রশাসনকে বলব কোনও রকম পক্ষপাত না দেখে গুরুত্ব সহকারে দেখে আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য। এদিন সন্ধ্যায় অশোকনগরের এই ঘটনায় ছাত্রীর বাড়িতে আসলেন জাতীয় মহিলা কমিশনের পক্ষ থেকে অর্চনা মজুমদার, এবং পুলিশের বিরুদ্ধে ক্ষোভ উগরে দিলেন তিনি। পাশাপাশি ছাত্রীর পাশে থাকার আশ্বাস দেন। জাতীয় মহিলা কমিশনের অর্চনা মজুমদার বেরিয়ে যাবার পরেই আসেন অশোকনগর পুরসভার চেয়ারম্যান প্রবোধ সরকার সহ কাউন্সিলর সহ স্থানীয় তৃণমূল নেতৃত্ব।

জল সংকট মেটাতে ইসিএল ও পিএইচই দপ্তরের আধিকারিকদের সঙ্গে বৈঠক বিধায়কের

নিজস্ব প্রতিবেদন, পাণ্ডবেশ্বর: পাণ্ডবেশ্বর বিধানসভার গ্রীষ্মকালীন জল সংকট মেটাতে জনস্বাস্থ্য কারিগরি দপ্তর ও ইসিএল আধিকারিকদের সঙ্গে বৈঠক করলেন বিধায়ক নরেন্দ্রনাথ চক্রবর্তী।

খনি অঞ্চলে গ্রীষ্মকালীন জলের চাহিদা মেটাতে, পিএইচই এবং ইসিএল এর বিভিন্ন এরিয়ার আধিকারিকদের সঙ্গে বৈঠক অনুষ্ঠিত হল পাণ্ডবেশ্বর ব্লক সমষ্টি উন্নয়ন আধিকারিক এর কার্যালয়ে। মূলত খনি অঞ্চলের, কয়লা খনির সম্প্রসারণ এর ফলে জলস্তর অনেকটাই নেমে যায়, তাই যাতে কোনও অঞ্চলে জল সংকট না দেখা দেয় তাই আগাম পরিকল্পনা করে মাঠে নামার বার্তা দিলেন সকল আধিকারিকদের। বৈঠকে উপস্থিত ছিলেন, ইস্টার্ন কোল্ডফিল লিমিটেডের পাণ্ডবেশ্বর এরিয়া, ঝাঁজরা এরিয়া, কেন্দা এরিয়া, সোনপুর বাজারী এরিয়া সহ অন্যান্য আধিকারিকগণ। বিধায়ক বলেন, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের জল স্বপ্নে আগামী কয়েকদিনের মধ্যেই পাণ্ডবেশ্বরে সব বাড়ি বাড়ি জল পৌঁছে যাবে।

'দলটা কারও বাবার জমিদারি নয়, বিস্ফোরক তৃণমূলের বিধায়ক

নিজস্ব প্রতিবেদন: 'দলটা কারও বাবার জমিদারি নয়', যারা কিছু পায়নি তারা দলের কথা ভাবছে আর যারা পেয়েছে তারা 'আরো দাও, আরো দাও করছে।' ঠিক এই ভাষাতেই দলের রাজনৈতিক সম্মেলনে বিস্ফোরক মন্তব্য করলেন বড়জোড়ার বিধায়ক অলোক মুখোপাধ্যায়। বৃহস্পতিবার বিকালে বাঁকুড়ার জয়পুরে ভাস্করানন্দ মঞ্চে তৃণমূলের বিষ্ণুপুর সাংগঠনিক জেলার কিষান খেতমজুর সেল আয়োজিত এই সম্মেলনে বিধায়কের ওই বক্তব্যের পরই অস্বস্তিতে পড়ে যায় দলের জেলা নেতৃত্ব।

বছর ঘুরলেই রাজ্যে বিধানসভা নির্বাচন। এই নির্বাচনের আগে নিজেদের ঘর গোছাতে শুরু করেছে রাজ্যের শাসক দল। দলের অন্দরে বেনো জল বাছাই করে সক্রিয় কর্মীদের আরও বেশি গুরুত্ব দেওয়ার বার্তা দেওয়া হচ্ছে জেলা নেতৃত্বের তরফে। এবার সেই প্রসঙ্গ টেনে দলের বিধায়ক প্রকাশ্য মঞ্চ থেকে দলের নেতা কর্মীদের উদ্দেশে বড়জোড়ার বিধায়ক বলেন, 'দলটা কারও বাবার জমিদারি নয়। আজকে দিয়েছে। কালকে নাও দিতে পারে। তা বলে চায়ের দোকানে বসে পরনিন্দা ও পরচর্চা করে দলকে দূর্বল করব তা বরদাস্ত করা হবে না। এদের দল করার প্রয়োজন নেই। কলকাতা আগাম তা জানিয়ে দিয়েছে।' এরপরই বিধায়ক অলোক মুখোপাধ্যায় দলের নেতা ও কর্মীদের একশ্রেণির প্রতি ইঙ্গিত করে বলেন, 'যারা কিছু পায়নি তারাই দলের কথা ভাবছে। আর যারা পেয়েছে তারা বলছে আরো দাও আরো দাও করছে। নাহলে তারা অন্য কোথাও চলে যাওয়ার কথা বলছে।' পরে নিজের বক্তব্যকে সমর্থন করে বিধায়ক অলোক মুখোপাধ্যায় কার্যত দলের অন্দরেই এমন নেতা কর্মীদের উপস্থিতি স্বীকার করে নেন। যদিও বিধায়কের প্রকাশ্যে এমন মন্তব্যে অস্বস্তিতে পড়ে মুখে কুলুপ এঁটেছেন তৃণমূলের বিষ্ণুপুর সাংগঠনিক জেলা সভাপতি।

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোঃ ৯৮৩১৯১৯৭৯১

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-9331059060

পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক punjab national bank

সার্কেল অফিস : মুর্শিদাবাদ, ২৬/১১, শহিদ সূর্য সেন রোড, গোরাবাজার, পো এবং থানা : বহরমপুর, জেলা : মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ-৭৪২১০১

সাধারণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সাধারণের অবগতির জন্য বিজ্ঞাপিত হচ্ছে যে, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের গ্লোসাইন বোর্ড/সিগনেট-প্রদর্শিত পুরানো প্রেমিসেস মুর্শিদাবাদ ই-ওবিসি (ঠিকানা : গ্রাম : কুতুবপুর, পো এবং জেলা : মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ-৭৪২১৪৯) তা পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের সঙ্গে কোনও সম্পর্ক নেই। অনুগ্রহ করে অবগত হোন যে , পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক উক্ত স্থান থেকে কোনও কাজ পরিচালনা করে না এবং কোনও ব্যবসায়িক লেনদেনও করে না এবং উক্ত স্থানে প্রদর্শিত সংশ্লিষ্ট সাইন/বোর্ড এক সঙ্গে ব্যাঙ্কের কোনও সম্পর্ক নেই।
এই বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট সংশয় বা ভুল বোঝাবুঝি নিরসনের জন্য ইস্যু করা হল।

তারিখ : ২৬/০৪/২০২৫ অনুমোদিত অফিসার

SBI এসবিআই এগরা বাজার শাখা (১০৪২৪) দিঘা মোড়, পূর্ব মেদিনীপুর - ৭২১৪২৯ ইমেল : sbi.10424@sbi.co.in — পাবলিক নোটিশ

বিক্রয় দলিল হারিয়েছে

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য বিজ্ঞাপিত হচ্ছে যে,একটি মূল স্বত্ব দলিল **শ্রী লক্ষ্মী কান্ত কুলিয়া পিতা সুধীর চন্দ্র কুলিয়া এর নামে, সাকিন কসবা এগরা, ডব্লুডি ০৫, এগরা -৭২১৪২৯,লোন এ/সি নং ৩১৬৯১৫৭০৩০৩ (এইচবিএল) এবং ৩৫৬৩৩৭৫৪১৭৬ (এইচবিএল) তারিখ ২৯.০৩.২০১১ শ্রী লক্ষ্মী কান্ত কুলিয়া পিতা সুধীর চন্দ্র কুলিয়ার** নামে - **এসবিআই এগরা বাজার শাখার** হেফাজত থেকে হারিয়ে গিয়েছে। বিক্রয় দলিলের বিস্তারিত জেলা : পূর্ব মেদিনীপুর, থানা : এগরা, এডিএসআর এগরা, মৌজা : কসবা এগরা, জেএল নং ২৩। খতিয়ান নং ২৭৫ এবং ১৯০৮ (দ) ৫৪২৯ (এলআর) প্লট নং আরএস ৩৩৮৫/৩৯৮৪, এলআর ২৬৩০ এরিয়া ০৪ ডেসিমেল। ৩৮ডেসিমেল থেকে , শ্রেণি : বাস্তু, রেজি. চুক্তি মোতাবেক দায়বদ্ধ বিক্রয় দলিল নং ৪৮৪৩ তারিখ ২৫.০৮.২০০৪।
ইতিমধ্যেই আমি এগরা থানায়, পূর্ব মেদিনীপুর জেনারেল ডায়েরি উল্লেখ্য ডিজিএ নং ১৩২৩ তাং ১৯.০৩.২০২৫ দায়ের করেছি সংশ্লিষ্ট হারিয়ে যাওয়া বিষয়ে।
কোনও ব্যক্তি উক্ত দলিল পেয়ে থাকলে অনুগ্রহ করে **এসবিআই এগরা বাজার শাখায়** বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে জানাতে অনুরোধ করা হচ্ছে।

তারিখ : ২৬.০৪.২০২৫ শাখা প্রবন্ধক, এগরা বাজার শাখা

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank

ইন্ডিয়ান ব্যাঙ্ক
৩য় এবং ৪র্থ তল, ১৪, ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস, কলকাতা-৭০০০০১

পরিশিষ্ট - ৪ রুল ৮(১)
দখল নোটিশ (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু :
নিম্নস্বাক্ষরকারী অনুমোদিত অফিসার **ইন্ডিয়ান ব্যাঙ্ক**, ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(১২) ধারা অধীন এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮ এবং ৯ সংস্থান অধীনে **১৫.০২.২০২৫** তারিখে ঋণগ্রহীতা শ্রী সোমনাথ সেন পিতা প্রয়াত গৌরী পদ সেন, শ্রীমতী লোপামুদ্রা সেন স্বামী শ্রী সোমনাথ সেন, ৪র্থ তল, ৪ডি কংগ্রেস এগজিবিশন রোড, পার্ক সার্কাস ট্রাম ডিপোর নিকট, সার্কাস এভিনিউ, কলকাতা - ৭০০০১৭ এবং মেসার্স কনস্ট্রাকটিভ বিল্ডার্স প্রাইভেট লিমিটেড রেজিস্টার্ড অফিস ১৩১, পার্ক স্ট্রিট, কলকাতা - ৭০০০১৭ অনুমোদিত স্বাক্ষরকারী শ্রী অমিত ঝুনঝুনওয়ালা পিতা শ্রী কেদামঠ ঝুনঝুনওয়ালা কর্তৃক প্রতিনিধিত্বকারী, ঠিকানা ১১১ পার্ক স্ট্রিট, কলকাতা - ৭০০০১৬ (৫০৩৮০৯৪২১১৬ এবং ৫০৩৮০৯৫২৫৫৫, সিআইএফ - ১৩৩২৯২১৮৫০৩) বেলেঘাটা শাখা নোটিশে উল্লিখিত পরিমাণ ৪৬,৬০,৫১৬.০০ টাকা (ছেচল্লিশ লাখ ষাট হাজার পাঁচশ ষোলো টাকা) নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে আদায়দানের জন্য দাবি নোটিশ ইস্যু করেছেন।
ঋণগ্রহীতা বকেয়া পরিমাণ আদায়দানে ব্যর্থ হওয়ায় ঋণগ্রহীতা এবং সাধারণের প্রতি সাধারণভাবে অবগত করা হচ্ছে নিম্নস্বাক্ষরকারী উক্ত আইনের ১৩(৪) ধারা এবং উক্ত রুলসের রুল ৮ এবং ৯ সংস্থান অধীনে প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত বিস্তারিত মতে সম্পত্তির স্বত্ব দখল করেছেন **২১ এপ্রিল ২০২৫ তারিখে।**
ঋণগ্রহীতাকে বিশেষভাবে এবং সাধারণকে সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে তারা যেন কোনওভাবেই সংশ্লিষ্ট সম্পত্তির লেনদেন না করেন এবং কোনওরূপ লেনদেন ইন্ডিয়ান ব্যাঙ্ক নিকট বকেয়া **৪৭৩৯৮৩৯.০০ টাকা (সাতচল্লিশ লাখ উনচল্লিশ হাজার আটশ উনচল্লিশ টাকা)** ২১.০৪.২০২৫ অনুযায়ী এবং পরবর্তী সুদ সহ। এতদ্বারা জানানো হচ্ছে সারফেসি আইনের ১৩(৮) সংস্থান অধীনে নির্ধারিত সময়ের মধ্যে বকেয়া পরিমাণ আদায়দান সাপেক্ষে জামিনদত্ত সম্পদ উদ্ধার করতে পারেন।"

স্থাবর সম্পত্তির বিবরণ

সংশ্লিষ্ট সকল অংশ ইউনিট নং ৩এ, বসবাসের ফ্ল্যাট সুপার বিল্ট আপ এরিয়া ১১১০ বর্গফুট কমবেশি ৪র্থতলে ভবন নং ব্লক ২ এবং পার্কিং স্পেস একতলায় বিল্ডিং কমপ্লেক্সে পার্কিং একটি গাড়ি/স্কুটার যথাযথ মাপের ভবন কমপ্লেক্সে অত্রি গ্রিন এনক্লেভ এবং অবিভক্ত সম্পত্তির যথাযথ ভাগ অংশ সকলের ব্যবহারের জায়গায় এবং সুবিধা এবং পরিষেবা ভোগ দখলের অধিকার সমন্বিত এলআর খতিয়ান নং ৪১৬, আরএস দাগ নং ২৮০ ,এলআর দাগ নং ৪৬৪, মৌজা : ধামাজতলা, থানা : সোনারপুর, জেলা : দক্ষিণ ২৪ পরগনা, এবং বর্তমানে সংখ্যায়িত হোল্ডিং নং ২৫৬, দ্বারির রোড, ওয়ার্ড নং ২৫, রাজপুর সোনারপুর পুরসভা অধীন, দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ এবং **চৌহদ্দি : উত্তরে :** আরএস দাগ নং৫১৭ এবং ৫১৮; **পূর্বে :** আরএস দাগ নং ২৭৮ এবং ২৭৯; **দক্ষিণে :** পুরসভা সড়ক; **পশ্চিমে :** সুরসভা সড়ক (সেরসাই অ্যাসেট আইডি : ২০০০৮১০৮২২১০, সিকিউরিটি ইন্টারেস্ট আইডি : ৪০০০৭৯৩৮৩৮৯৮)।
সংশ্লিষ্ট সকল অংশ ইউনিট নং ৩ বি, বসবাসের ফ্ল্যাট সুপার বিল্ট আপ এরিয়া ৮৩৫ বর্গফুট কমবেশি ৪র্থতলে ভবন নং ব্লক ২ এবং পার্কিংস স্পেস একতলায় পার্কিং এক গাড়ি/ স্কুটার যথাযথ মাপের ভবন পরিচিত অত্রি গ্রিন এনক্লেভ নামে এবং অবিভক্ত সম্পত্তির এবং সকলের ব্যবহারের জায়গার এবং সুবিধা এবং পরিষেবা ভোগ দখলের অধিকার সমন্বিত, এলআর খতিয়ান নং ৪১৬, আরএস দাগ নং ২৮০ , এলআর দাগ নং ৪৬৪,মৌজা : ধামাজুত, থানা : সোনারপুর, জেলা : দক্ষিণ ২৪ পরগনা, বর্তমানে সংখ্যায়িত হোল্ডিং নং ২৫৬, দ্বারির রোড, ওয়ার্ড নং ২৫, রাজপুর সোনারপুর পুরসভা অধীন, দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ এবং **চৌহদ্দি : উত্তরে :** আরএস দাগ নং ৫১৭ এবং ৫১৮; **পূর্বে :** আরএস দাগ নং ২৭৮ এবং ২৭৯; **দক্ষিণে :** সুরসভা সড়ক; **পশ্চিমে :** সুরসভা সড়ক (সেরসাই অ্যাসেট আইডি : ২০০০৮১০৮২৩০৯, সিকিউরিটি ইন্টারেস্ট আইডি : ৪০০০৭৯৩৮৩৯৯০)।

তারিখ : ২১.০৪.২০২৫, স্থান : কলকাতা স্বা/- অনুমোদিত অফিসার, ইন্ডিয়ান ব্যাঙ্ক

বিক্রয় বিজ্ঞপ্তি
২০১৬ সালের আইবিসি অধীনে নন-রেডিলি রিয়েলাইসেবল অ্যাসেটস (এনআরআরএ) এর নির্দেশ
কনকাস্ট স্টিল অ্যান্ড পাওয়ার লিমিটেড (দেউলিয়াগ্রস্ত)
(CIN: U51909WB1995PLC072045)

এতদ্বারা সাধারণের অবগতির জন্য বিজ্ঞাপিত হচ্ছে যে, **কনকাস্ট স্টিল অ্যান্ড পাওয়ার লিমিটেডের (দেউলিয়াগ্রস্ত)** বুক অনুযায়ী নিম্নোক্ত 'নন-রেডিলি রিয়েলাইসেবল অ্যাসেটস' ২০১৬ সালের ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপসি কোড এবং তৎসহ পঠিত ২০১৬ সালের আইবিবিআই (লিকুইডেশন প্রসেস) রেগুলেশনস এর রেগুলেশন ৩৭এ এবং নিম্নোক্ত নির্দিষ্ট শর্তাধীনে আগ্রহী পক্ষগণকে অপসারণের প্রস্তাব দেওয়া হচ্ছে। সংশ্লিষ্ট প্রস্তাব 'যেখানে যেমন আছে', 'যা আছে এবং পরিবর্ত ভিত্তি ব্যতীত' কোনও প্রতিশ্রুতি এবং ক্ষতিপূরণ ব্যতীতই প্রস্তাব দেওয়া হচ্ছে। আগ্রহী পক্ষগণকে অংশগ্রহণের পূর্বে সম্যক অবধারণের পরামর্শ দেওয়া হচ্ছে।
আরও অবগত করা হচ্ছে সম্পদ, নির্দেশ প্রক্রিয়া, উপযুক্ততার শর্তাদি এবং দাখিলের আবশ্যকতার বিস্তারিত নিম্নোক্ত মতে ।

ক্রম নং	বিবরণ	বিস্তারিত
১.	বিক্রয় নোটিশের তারিখ	২৬ এপ্রিল ২০২৫
২.	উপযুক্ততার নথি এবং ইওআই দাখিলের শেষ তারিখ	১০ মে, ২০২৫, সংশ্লিষ্ট সকল আগ্রহী পক্ষকে সংশ্লিষ্ট LQ.Concast@in.gt.com উপযুক্ততার নথি সহ ইওআই দাখিল করতে অনুরোধ করা হচ্ছে। অনুগ্রহ করে অবগত হোন অংশগ্রহণ প্রক্রিয়ায় উপযুক্ততার নথি প্রাকশর্ত হিসেবে গণ্য।
৩.	উপযুক্ত ডাকদাতার ঘোষণার তারিখ	১৫ মে ২০২৫
৪.	পর্যবেক্ষণ এবং সম্যক অবধারণের শেষ তারিখ	২২ মে, ২০২৫
৫.	প্রস্তাব দাখিলের শেষ তারিখ	২৯ মে, ২০২৫

বিক্রয় প্রক্রিয়াধীন প্রস্তাবিত সম্পদের বিবরণ

কনকাস্ট স্টিল অ্যান্ড পাওয়ার লিমিটেড(দেউলিয়াগ্রস্ত) এর (ঋণগ্রহীতাগণ/অগ্রিম সহ) আর্থিক সম্পদের উদ্ধার এর নির্দেশ। আরও অবগত করা হচ্ছে যে, আর্থিক সম্পদের বিস্তারিত এবং ইওআই প্রক্রিয়া নথি বিস্তারিতর জন্য আগ্রহী আবেদনকারীগণ কর্পোরেট ডেটর এর ওয়েবসাইট https://www.concastispat.com/nclt.html দেখতে পারেন।
গুরুত্বপূর্ণ দ্রষ্টব্য :
১. লিকুইডেটর গৃহীত প্রস্তাব পর্যালোচনার পর পরবর্তী প্রক্রিয়া, নিয়ম এবং শর্তাদির পরামর্শ দিতে পারেন।
২. লিকুইডেটর কোনও কারণ না দেখিয়েই সংশ্লিষ্ট প্রক্রিয়াধীন অবস্থা থেকে যেকোনও পর্যায়ে যেকোনও প্রস্তাব গ্রহণ বা বাতিলের বা সকল প্রস্তাব বা সাময়িক স্থগিত/স্থগিত/বাতিল/সংশোধন/প্রক্রিয়া বাতিল বা যেকোনও সম্পদ প্রত্যাহার এর অধিকার রাখেন।
৩. সংশ্লিষ্ট কোডের ধারা ৩৫ এর পরিমেল (এফ) সংস্থান অধীনে আগ্রহী ডাকদাতারা কোডের ধারা ২৯এ (সময়ে সময়ে সংশোধিত অনুযায়ী) উপযুক্ততার যোগ্যতা পূরণে ব্যর্থ হলে টেন্ডার/প্রস্তাব দাখিলের জন্য উপযুক্ত বিবেচিত হবেন না।

ক্ষীতীজ ছাউছারিয়া
কনকাস্ট স্টিল অ্যান্ড পাওয়ার লিমিটেড (দেউলিয়াগ্রস্ত) - লিকুইডেটর
(IBBI/IPA-001/IP-P00358/2017-18/10616)
এএফএ বৈধ ৩০ জুন ২০২৬ পর্যন্ত
কোম্পানির সাথে যোগাযোগের সকল ইমেল আইডি LQ.Concast@in.gt.com
নথিভুক্ত ঠিকানা : প্রযত্নে বি. ছাউছারিয়া অ্যান্ড কোং ৮এ এবং বি, সত্যম টাওয়ার ৩, আলিপুর রোড, কলকাতা - ৭০০০২৭
স্থান : কলকাতা ইমেল : kshitiz@bccoindia.com
তারিখ : ২৬ এপ্রিল ২০২৫

ফর্ম নং ৩
[দ্রষ্টব্য রেগুলেশন ১৩(১)(এ)]
ডেটস রিকভারি ট্রাইব্যুনাল
কলকাতা (ডিআরটি ২)
৮ম তল, জীবন সুধা বিল্ডিং, ৪২সি, জওহরলাল নেহরু রোড, কলকাতা - ৭০০০৭১

কেস নং : টিএ/৪/২০২৩
উক্ত আইনের ধারা ১৯-এর উপধারা (৪) এবং তৎসহ পঠিত ১৯৯৩ সালের ডেটস রিকভারি ট্রাইব্যুনাল (প্রসিডিউর) রুলসের রুল ৫ এর সাব-রুল (২এ) অধীনে সমন
এক্স. নং : ২৪২০

ইউকো ব্যাঙ্ক
বনাম
সত্যেশ্বর পাত্র

প্রতি
১) সত্যেশ্বর পাত্র, স্বত্বাধিকারী মেসার্স শ্যামশ্রী বস্ত্রালয়, গ্রাম : পো : গোবিন্দনগর, থানা : দাসপুর, পশ্চিম মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, ৭২১২১১
২) শ্রী মধুসূদন পাত্র, গ্রাম : পো : গোবিন্দনগর, থানা : দাসপুর, পশ্চিম মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, ৭২১২১১

সমন
যেহেতু, টিএ/৪/২০২৩, ২০.০২.২০২৫ তারিখে মাননীয় প্রিসাইডিং অফিসার/ রেজিস্ট্রার-এর নিকট তালিকাভুক্ত করা হয়েছিল।
যেহেতু মাননীয় ট্রাইব্যুনাল আইনের ধারা ১৯(৪) এর অধীনে উক্ত আবেদনের উপর সমন/নোটিস জারি করছেন, (ওএ) আপনাদের বিরুদ্ধে **১৬,৫০,৭০৫.৬৩ টাকা** (নথিপত্রের অনুলিপি সহ আবেদনপত্র সংযুক্ত করা হয়েছে) ঋণ পুনরুদ্ধারের জন্য দায়ের করা হয়েছে।
আইনের ১৯ ধারার উপ-ধারা (৪) অনুসারে, আপনাদের, বিবাদীগণকে নিম্নরূপ নির্দেশ দেওয়া হয়েছে :-
(ক) সমন জারির ত্রিশ দিনের মধ্যে কারণ দর্শানোর জন্য কেন আবেদন মঞ্জুর করা হবে না;
(খ) আপনাদের ক্রম নং ৩এ মূল আবেদনের নির্দিষ্ট সম্পদ এবং সম্পত্তি অতিরিক্তে অন্যান্য সম্পদ এবং সম্পদের বিবরণ দাখিল
(গ) আপনাদের সংশ্লিষ্ট জামিনদত্ত সম্পদ এবং অন্যান্য সম্পদ এবং সংশ্লিষ্ট সম্পত্তিসমূহ যা ক্রম নং ৩এ তে উল্লিখিত মূল দরখাস্তে, শুনানি স্থগিত আছে এবং সংশ্লিষ্ট সম্পত্তি বিক্রির বিষয়টি আবেদন সংযুক্ত হিসেবে স্থগিত আছে,
(ঘ) আপনারা কোনওভাবেই বিক্রয়, ইজারা বা অন্যভাবে সাধারণ ব্যবসায়িক কাজকর্ম ব্যতীত সংশ্লিষ্ট সম্পদ যা জামিনদত্ত এবং/বা অন্যান্য সম্পদ এবং সম্পত্তি ক্রম ৩এ তে উল্লিখিত মূল ট্রাইব্যুনালের নিকট পূর্ব অনুমতি ব্যতীত সম্পাদন করা থেকে বিরত থাকবেন।
(ঙ) আপনারা সংশ্লিষ্ট অ্যাকাউন্ট অধীনে বিক্রয় মাধ্যমে যেমন জামিনদত্ত সম্পত্তি এবং অন্যান্য সম্পদ এবং সম্পত্তিসমূহ সাধারণ ব্যবসায়িক কাজকর্ম ব্যতীত এবং আমানত যেমন বিক্রয় প্রক্রিয়াধীন সংশ্লিষ্ট আদায়ের ক্ষেত্রে হিসেব রক্ষণাবেক্ষণ ব্যাঙ্কের সহিত অথবা আর্থিক প্রতিষ্ঠানের সহিত জামিনদত্ত সম্পদের বিষয়ে।
আবেদনকারীকে দেওয়া একটি অনুলিপি সহ লিখিত বিবৃতি দাখিল করতে এবং ০৩.০৭.২০২৫ তারিখে **সকাল ১০.৩০টায় রেজিস্ট্রারের** কাছে উপস্থিত হওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। ব্যর্থ হলে আপনার অনুপস্থিতিতে আবেদনের শুনানি ও সিদ্ধান্ত গৃহীত হবে।
স্বহস্তে ট্রাইব্যুনালের সিলমোহর প্রদত্ত তারিখ : ২১.০৪.২০২৫।
সমন ইস্যুকারী অনুমোদিত অফিসারের স্বাক্ষর
স্বা/-
অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার
কলকাতা ডিআরটি - ২

ফর্ম নং আইএনসি-২৬
[২০১৪ সালের কোম্পানি (ইনকর্পোরেশন) রুলসের রুল ৩০ সংস্থান অধীনে]
কোম্পানির রেজিস্টার্ড অফিস এক রাজ্য থেকে অন্য রাজ্যে স্থানান্তরের নিমিত্ত সংবাদপত্রে প্রজ্ঞাপন
কেন্দ্রীয় সরকার
রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিওন সমীপে
২০১৩ সালের কোম্পানি আইনের ১৩ ধারার উপধারা (৪) এবং ২০১৪ সালের কোম্পানি (ইনকর্পোরেশন) রুলসের রুল ৩০ এর সাব-রুল (৫) এর ক্লজ (এ) সম্পর্কিত
এবং
বায়রন সলিউশনস প্রাইভেট লিমিটেড রেজিস্টার্ড অফিস হাউস নং এফ-৫৭/১০৪/১৩৯৭ রথতলা, বি আর আম্বেদকর রোড, কল্যাণী, পশ্চিমবঙ্গ - ৭৪১২৩৫ সম্পর্কিত
...দরখাস্তকারী
এতদ্বারা সাধারণের উদ্দেশ্যে বিজ্ঞাপিত হচ্ছে, ১৮ এপ্রিল ২০২৫ তারিখে অনুষ্ঠিত কোম্পানির অতিরিক্ত সাধারণ সভায় গৃহীত বিশেষ প্রস্তাব অনুযায়ী কোম্পানির মেমোরান্ডাম অব অ্যাসোসিয়েশনের পরিবর্তনক্রমে "পশ্চিমবঙ্গ রাজ্য" থেকে "বিহার রাজ্যে" কোম্পানির রোজস্টার্ড অফিস স্থানান্তর নিমিত্ত ২০১৩ সালের কোম্পানি আইনের ১৩ ধারাধীনে কেন্দ্রীয় সরকার সমীপে এক আবেদন দাখিলের প্রস্তাব করেছে।
যেকোনও ব্যক্তির সংশ্লিষ্ট কোম্পানির রেজিস্টার্ড অফিস প্রস্তাবিত পরিবর্তনের কারণে স্বার্থ ক্ষুন্ন হওয়ার আশঙ্কা থাকলে বিনিয়োগকারীগণের অভিযোগের ফর্ম পূরণ সাপেক্ষে এমসিএ-২১ পোর্টাল (www.mca.gov.in) বা রেজিস্টার্ড ডাকে স্বার্থের ধরন এবং হলফনামা দ্বারা সমর্থিত মতে আপত্তির কারণ সম্বলিত নোটিশ এই বিজ্ঞপ্তি প্রকাশের চৌদ্দদিনের মধ্যে রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিওন, নিজাম প্যালেস, II এমএসও বিল্ডিং, ৪র্থ তল, ২৩৪/৪ এ জে সি বোস রোড, কলকাতা- ৭০০০২০ ঠিকানায় নোটিশ পাঠাতে পারেন, একটি কপি আবেদনকারী কোম্পানির নিম্নোক্ত রেজিস্টার্ড অফিসে পাঠাতে হবে :
হাউস নং এফ-৫৭/১০৪/১৩৯৭ রথতলা, বি আর আম্বেদকর রোড, কল্যাণী,পশ্চিমবঙ্গ - ৭৪১২৩৫
আবেদনকারীর পক্ষে
বায়রন সলিউশনস প্রাইভেট লিমিটেড
স্বা/-
সুদীপ রায়
ডিরেক্টর
তারিখ :২৫.০৪.২০২৫
স্থান : কলকাতা (ডিন : ০৮৯৭০০৫৮)

ডোমকল থানা ফেরী পাটনী সমবায় সমিতি লিমিটেড
গ্রাম - বৈষ্ণবপাড়া, পোঃ মোমিনপুর, থানা- ডোমকল, জেলা - মুর্শিদাবাদ
রেজি নং - ২৩ তারিখ ১৭/০৩/১৯৮২
স্মারক সংখ্যা: ARO/03/2024/25 **বিজ্ঞপ্তি** তাং- 26/04/2025
এতদ্বারা ডোমকল থানা ফেরী পাটনী